ঝিনাইদহে মেলার স্টল দিয়ে মেরে ফেলা হচ্ছে কৃষ্ণচূড়া অ্যাভিনিউয়ের চারা গাছ

ঝিনাইদহ শহরের মডার্ণ মোড় থেকে পুরাতন ধোপাঘাটা ব্রিজ অভিমূখে কৃষ্ণচূড়া গাছ লাগিয়ে সড়কটির “কৃষ্ণচূড়া অ্যাভিনিউ” নামকরণ করেন ঝিনাইদহের সদ্য সাবেক জেলা প্রকাশক মনিরা বেগম।

সড়কটির দুই ধারে লাগানো হয় অনেক গুলি দৃষ্টি নন্দন কৃষ্ণচূড়া গাছের চারা। বিভিন্ন সামাজিক ও পরিবেশবাদি সংগঠনও কৃষ্ণচূড়া গাছের চারা রোপণ করে রাস্তার দুই ধারে। কিন্তু সেই সড়কের দুই ধারে মেলার দোকান বসিয়ে গাছ গুলির জীবন বিপন্ন করে তোলা হয়েছে।

স্থানীয়রা জানিয়েছে, বেশ কয়েকটি গাছ স্টল তৈরির সময়েই ভেঙে ফেলা হয়েছে। আবার অনেকগুলি গাছ দোকানের মধ্যে রেখেই দোকানের ছাউনি তৈরি করা হয়েছে। এই গাছগুলোও মেলা শেষ হওয়া পর্যন্ত মারা যেতে পারে বলে স্থানীয়রা আশঙ্কা করছেন।

জানাগেছে, দূর্গা পূজার পরেই রাস্তার ধারেই মেলা বসাচ্ছেন মডার্ণ মোড় এলাকার ফার্নিচার ব্যবসায়ী রোকন। তিনি প্রতিবছরই মেলা বসান। এর আগের বছর সরকারের বিপুল অংকের রাজস্ব ফাঁকি দেওয়ার অভিযোগে মেলা চলমান অবস্থায় বন্ধ করে দেয় জেলা প্রশাসক। এবারও কেমন করে তিনি আবার মেলার মাঠ পরিচালনার অনুমতি পেয়েছেন।

পরিবেশ কর্মী মাসুদ আহমেদ সনজু বলেন, বৈশি^ক উষ্ণতা থেকে বাঁচতে সরকার বৃক্ষরোপণে উৎসাহিত করছে। আমাদের সবার দায়িত্ব গাছ লাগানো। সেখানে যার ব্যবসায় হলো গাছ মেরে কাঠ তৈরি করা তিনিই আবার জেলা প্রশাসনের বাস্তবায়িত কৃষ্ণচূড়া অ্যাভিনিউয়ের কৃষ্ণচূড়া গাছ গুলিই দোকান তৈরি করে মেরে ফেলছেন। আমরা সরকারের ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি। গাছগুলিকে বাঁচিয়ে রেখে প্রয়োজনে অন্য স্থানে মেলা বসানো হোক। এব্যাপারে আমরা জেলা প্রশাসকেরও দৃষ্টি আকর্ষণ করছি।

কোটচাঁদপুরে সড়কের পাশে থেকে নবজাতক শিশু উদ্ধার

কোটচাঁদপুরে সড়কের পাশে নবজাতক শিশু পাওয়া গেছে। বৃহস্পতিবার সকালে কোটচাঁদপুর- তালসার সড়কের পাশ থেকে উদ্ধার করা হয় বাচ্চাটি। শিশুটি কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে।

জানা যায়, সোনিয়া খাতুন ও জিনিয়া খাতুন দুই বোন। বৃহস্পতিবার প্রতিদিনের মত সকালে হাটতে বের হয় সড়কে। কিছু দুর যাবার পর কাপড়ে জড়ানো অবস্থায় চোখে পড়ে বাচ্চাটি। এরপর সোনিয়া কোলে তুলে নেন,ওই নবজাতকটি।

তিনি বলেন,বাচ্চাটি দেখে মনে হচ্ছে,একদিনের বাচ্চা। তাকে পাওয়ার পর অবস্থা একটু খারাপ ছিল। এখন বাচ্চাটি ভাল বলে মনে হচ্ছে। ঘটনাটি এলাকায় জানাজানি হওয়ার পর শতশত মানুষের ভীড় জমে বাচ্চাটি দেখার জন্য সোনিয়ার বাড়িতে।

এদিকে বাচ্চাটির স্বাস্থ্যের অবস্থা জানতে,তাকে দ্রুত স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন সোনিয়া। এ স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক বাচ্চাটি দেখে,ভাল আছে বলে জানান। এরপর তারা বাচ্চাটি নিয়ে বাসায় চলে যান। তবে আইনগত সমস্যার কারনে, বাচ্চাটিকে আবারও কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন তারা।

খবর পেয়ে থানা পুলিশ ও উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জহুরুল ইসলাম স্বাস্থ্য কমপ্লেক্সে ছুটে আসেন। তবে বাচ্চাটি না পেয়ে ওই পরিবারটিকে আবারও স্বাস্থ্য নিয়ে এসে ভর্তি রাখার কথা জানিয়েছেন তারা।

এ ব্যাপারে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক তারুনী পাশা বলেন, বাচ্চাটি তারা নিয়ে আসেন। এরপর দেখে তাদেরকে ভর্তি করার পরামর্শ দেয়া হয়। তারা ভর্তি না করে বাড়িতে নিয়ে যান। তবে ওই নবজাতকটি সুস্থ্য আছেন বলে জানিয়েছেন তিনি।

সমাজ সেবা কর্মকর্তা জহুরুল ইসলাম বলেন,উপজেলায় শিশু কল্যান বোর্ড আছে। বাচ্চাটি কাউকে নিতে হলে ওই বোর্ডে আবেদন করেন,আইন মেনে নিতে হবে। যারা বাচ্চাটি পেয়েছেন, তারা ইচ্ছে করলেই রাখতে পারবেন না।

এ ব্যাপারে কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে বলেন,এই বাচ্চাটি নিতে হলে,আইনগত ব্যবস্থার মধ্যদিয়ে নিতে হবে।

ঝিনাইদহে পাচঁ বছরের সাজা প্রাপ্ত আসামি গ্রেফতার

মাদক মামলার পাঁচ বছরের সাজা প্রাপ্ত আসামি টিপু সুলতানকে গ্রেফতার করেছে ঝিনাইদহ সদর থানা পুলিশ।

সদর থানার অফিসার ইনচার্জ শাহীন উদ্দিন জানান, গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে সাজাপ্রাপ্ত পালাতক আসামি টিপু সুলতান ডিসি কোট এলাকায় অবস্থান করছে। এমন সংবাদের ভিত্তিত্বে এএসআই সোহাগ হোসেন সঙ্গীয় ফোর্স নিয়ে বুধবার দুপুরে তাকে গ্রেফতার করে। সে এসসি- ৪৮৮/১৭, ঝি:জিআর- ১০৪/১৭, ১৯৯০ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ১৯ (১) এর ৯ (খ) ধারার পাঁচ বছরের সাজা প্রাপ্ত আসামি।

টিপু সুলতান সদর উপজেলার ব্যাপারীপাড়্ ◌াএলাকার (কোরবানের বাড়ির ভাড়াটিয়া) ও মৃত আব্দুল গাফফারের ছেলে। গ্রেফতারকৃত টিপু সুলতানকে আদালতে সোপর্দ করা হয়েছে।

সমাবেশ ঘিরে কোন সহিংসতা করা

হলে ব্যবস্থা নেওয়া হবে

বিএনপি জামায়াতের কাছে দেশ নিরাপদ নয়। তারা আগামীতে ক্ষমতায় এলে দেশে হত্যাযজ্ঞ চালাবে, আগামী ২৮ অক্টোবর বিএনপি সমাবেশ ঘিরে কোন সহিংসতা করা হলে সরকার ও দলীয়ভাবে ব্যবস্থা নেওয়া হবে বলে বললেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক।

বুধবার দুপুরে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৫০ শয্যা থেকে ১০০ শয্যায় উন্নীতকরণে নব-নির্মিত ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

মন্ত্রী আরও বলেন, ‘বিরোধীরা যারা দেশের উন্নয়ন চায়নি। যারা দেশে অগ্নিসন্ত্রাসী, গ্রেনেড হামলা, লুটপাট করেছে তারা আবারো একই চিন্তা চেতনা নিয়ে রাস্তায় নেমেছে। তাই আমাদের সাবধান হতে হবে। আগামী নির্বাচনে আবারো নৌকা মার্কায় ভোট দিয়ে আওয়ামী লীগকে ক্ষমতায় আনতে হবে।’

মন্ত্রী বলেন, ‘২৮ অক্টোবর বিএনপি সমাবেশ ঘিরে কোন সহিংসতা করা হলে সরকার ও দলীয়ভাবে ব্যবস্থা নেওয়া হবে। বিএনপিকে বার বার নির্বাচনে আসার জন্য বার বার আহ্বান করা হচ্ছে। তাদের কোন কর্মসূচীতে বাঁধা দেওয়া হচ্ছে না। তারা জনগণের ক্ষতি করার চেষ্টা করলে আমরা দলীয় ভাবেও প্রস্তুত আছি। আমরা রাজনৈতিকভাবে সবকিছুই মোকাবেলা করবো।’

ঝিনাইদহের সিভিল সার্জন ডা: শুভ্রা রানী দেবনাথ’র সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপ্◌িস্থত ছিলেন স্থানীয় সংসদ সদস্য শফিকুল আজম খান চঞ্চল, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয়ের সচিব জাহাঙ্গীর আলম, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডাঃ আবুল বাশার মোহাম্মদ খুরশীদ আলম,অতিরিক্ত সচিব সাইফুল্লাহিল আজম, অতিরিক্ত মহাপরিচালক ডাঃ রাশেদা সুলতানাসহ স্থানীয় প্রশাসনের নেতৃবৃন্দ। নব-নির্মিত ভবন উদ্ভোধনের আগে আয়োহক ও অতিথিরা মন্ত্রীকে ফুল দিয়ে বরণ করে নেন। বিকেলে মহেশপুরের ভৈরবায় ২০ শয্যা হাসপাতালের উদ্বোধন করেন মন্ত্রী।

কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নবনির্মিত ভবনের শুভ উদ্বোধনী

আওয়ামী লীগ ক্ষমতায় আছে, বলে দেশের সব ক্ষেত্রে উন্নয়ন সাধিত হয়েছে। বুধবার দুপুরে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সটি ৫০ শয্যা হতে ১০০ শয্যায় উন্নীতকরণে নবনির্মিত ভবনের শুভ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিএনপি- জামায়াতের উদ্যেশে এ কথা বলেন স্বাস্থ্য মন্ত্রী জাহিদ মালেক (এমপি)।

তিনি বলেন,আপনারা অনেক ভাগ্যবান। আর আপনাদের এমপি অনেক কর্মঠ,যে কারনে আজ আপনাদের এ স্বাস্থ্য কমপ্লেক্সটি ৫০ শয্যা থেকে ১০০ শয্যায় উন্নীত হয়েছে।

তিনি আরও বলেন, আমরা বিএনপি- জামাত জোটের কথা ভূলি নাই। তারা যখন ক্ষমতায় ছিল,দেশের সব কমিিউনিটি ক্লীনিক বন্ধ করে দিয়ে ছিল। কারন ক্লীনিক গুলো শেখ হাসিনা করেছিল। ওই ক্লীনিকে সেবা নিলে, ভোট সবাই আওয়ামী লীগে দিবে। এখন তারাই আবার মাঠে নামছে,দেশের অরাজকতা সৃষ্টি করতে।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, ঝিনাইদহের সিভিল সার্জন ডাঃ শুভ্রা রানি দেবনাথ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,ঝিনাইদহ-৩ আসনের সাংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব জাহাঙ্গীর আলম,স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডাঃ আবুল বাশার মোহাম্মদ খুরশীদ আলম,স্বাস্থ্য সেবা বিভাগের
অতিরিক্ত সচিব সাইফুল্লাহিল আজম স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত সচিব ডাঃ রাশেদা সুলতানা, স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক ও লাইন ডাইরেক্টর ডাঃ মোঃ রিজাওয়ানুল রহমান, পরিচালক স্বাস্থ্য বিভাগের খুলনার পরিচালক ডাঃ মনজুরুল মরশিদ, ঝিনাইদহের জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম, ঝিনাইদহের পুলিশ সুপার আজিম-উল আহসান, উপজেলা

চেয়ারম্যান ও আওয়ামী লীগের সভাপতি মোছাঃ শরিফুন্নেছা মিকি,উপজেলা নির্বাহী অফিসার উঠছে মে কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী,অনুষ্ঠান সঞ্চালনা করেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ।

ঝিনাইদহে আন্তঃবিভাগীয় মোটরসাইকেল চোর চক্রের মূলহোতাসহ গ্রেপ্তার ৩

ঝিনাইদহে আন্তঃবিভাগীয় মোটরসাইকেল চোর চক্রের মূলহোতা মোহাম্মদ আলী সহ তিনজনকে গ্রেপ্তার ও তিনটি চোরাই মোটরসাইকেল উদ্ধার করেছে পুলিশ।

মঙ্গলবার সকালে ঝিনাইদহ সদর থানায় প্রেসবিফিং এর মাধ্যমে অতিরিক্ত পুলিশ মীর আবিদুর রহমান এসব তথ্য জানান।

গতকাল সোমবার গোপন সংবাদের ভিত্তিতে ঝিনাইদহ সদর থানা চৌকশ অভিযানিক পুলিশ ও সাতক্ষীরা পুলিশের সহায়তায় সাতক্ষীরার শ্যাম নগর থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

মোহাম্মদ আলী (৪০) সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলার বংশিপুর গ্রামের মৃত মজিদ গাজীর ছেলে। সংবাদ কর্মীদের কাছে তিনি জানন, আন্তঃবিভাগীয় চোর চক্রের মূল হোতা মোহাম্মদ আলীকে গ্রেফতারের পরে ব্যাপক জিজ্ঞাসাবাদে আরো দুই জানা যায়। তারা হলো মনিরুজ্জামান (৩৩), পিতা-আজিজ গাজী, সাং-ছোট ভ্যাটখালী, থানা- শ্যামনগর, জেলা-সাতক্ষীরা এবং হেলাল উদ্দীন (২১), পিতা- হবিবুল্লাহ, সাং-চালনা, থানা-দাকোপ, জেলা-খুলনা। গ্রেপ্তারকৃত আসামীদের ব্যাপক জিজ্ঞাসাবাদ করা হয়।

জিজ্ঞাসাবাদের এক পর্যায়ে আসামীর স্বীকারোক্তি মতে উক্ত মামলার চোরাই যাওয়া মোটর সাইকেল Passion Xpro 110cc, যার রেজিষ্ট্রেশন নং-ঝিনাইদহ-হ-১৪-৮০৫৯, নং-JA06ETKGB 13608, যাহার চেচিস

PS1JAS043KJD00266 সহ আরো দুইটি চোরাই মোটরবাইক পাওয়া যায়। মোটর সাইকেল দুটির একটি লাল রংয়েরIGNITOR 125 CC মোটরবাইক এবং অন্যটি খ) একটি লাল রংয়ের hero splendor মোটরবাইক। আসামী মোহাম্মদ আলীর স্বীকারোক্তি মতে চুরির ঘটনার সাহিত তারা জড়িত।

এই মামলা ছাড়াও সিডিএমএস পর্যালোচনায় ধৃত আসামীর বিরুদ্ধে ঝিনাইদহ জেলাসহ খুলনা, মাগুরা, সাতক্ষীরা, যশোর, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া সহ দেশের বিভিন্ন জেলায় ১৫ টি মামলা রয়েছে।

কোটচাঁদপুরে বিভিন্ন প্রশাসনিক দপ্তর পরিদর্শনে জেলা প্রশাসক

কোটচাঁদপুর উপজেলার বিভিন্ন প্রশাসনিক দপ্তর পরিদর্শন করেন জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট এস এম রফিকুল ইসলাম।

আজ সোমবার সকালে জেলা প্রশাসক কোটচাঁদপুর মডেল থানা পরিদর্শন করেন।

পরিদর্শনকালে তিনি সেবাপ্রার্থীদের কথা শোনেন এবং সংশ্লিষ্ট সকলকে দিক-নির্দেশনা প্রদান করেন। পরে তিনি কোটচাঁদপুর উপজেলা ভূমি অফিসের সীমানা প্রাচীর নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শন করেন ও সংশ্লিষ্ট সকলের সাথে মতবিনিময় করেন।

পরর্বতীতে বলুহর কমিউনিটি ক্লিনিক ও বলুহর কুড়ীপাড়া পূজা মন্ডপ দর্শন,সাফদারপুর বলরাম নগর আশ্রয়ণ প্রকল্প ও কুশনা ইউনিয়নে তালিনা পার্ক পরিদর্শন করেন জেলা প্রশাসক। সে সময় তিনি আশ্রয়ণ প্রকল্পের নির্মাণ কাজ ও উপকারভোগীদের সাথে মতবিনিময়, সনাতন ধর্মাবলম্বী মানুষের সাথে শুভেচ্ছা বিনিময় ও মন্ডপের আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে দিকনির্দেশনা প্রদান করেন।

এ সময় উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, উপজেলা নির্বাহী অফিসার উছেন মে, উপজেলা

সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়, মডেল থানার অফিসার ইনর্চাজ সৈয়দ আল-মামুন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম,উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক তানভীর জামান প্রতিক, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, কুশনা ইউনিয়ন চেয়ারম্যান শাহরুজ্জামান সবুজ সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মরত কর্মকর্তা ও নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে ভিক্ষুক পুনর্বাসনের লক্ষ্যে মুদি ও চা দোকানিদের উপকরণ প্রদান

ঝিনাইদহে ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান শীর্ষক বাস্তবায়ন কর্মসূচির আওতায় উপজেলা সমাজসেবা কার্যালয় ও সদর উপজেলা প্রশাসনের বাস্তবায়নে মুদি এবং চা দোকানসহ উপকরণ প্রদান করা হয়েছে।

আজ সোমবার সকালে সদর উপজেলার ঘোড়শাল ইউনিয়নের পূর্ব তেঁতুলবাড়িয়া গ্রামের কলিম উদ্দিন নামের এক ভিক্ষুককে এ উপকরণ প্রদান করা হয়। এ উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় ঘোড়শাল ইউনিয়নের চেয়ারম্যান পারভেজ মাসুদ লিলটনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার সাদিয়া জেরিন।

এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা সমাজসেবা অফিসার আব্দুল হাই সিদ্দিক, সদর উপজেলা সহকারী প্রকল্প বাস্তবায়ন কর্মকতা হাসিবুর রহমান, ঘোড়শাল ইউনিয়ন পরিষদের সচিব প্রতাপ আদিত্য বিশ্বাসসহ এলাকার গণ্যমাণ্য ব্যাক্তিবর্গ।

ভিক্ষুক কলিম উদ্দিন মুদি এবং চা দোকানসহ উপকরণ পেয়ে খুশিতে আত্মহারা হয়ে বলেন, আমি গ্রামে গ্রামে ঘুরে আগে ভিক্ষা বৃত্তি

করতাম। তাই আমার কাছে মনে হয়েছে এটা অনেক কষ্ট দায়ক এবং লজ্জাদায়ক পেশা। আমার এ কষ্ট লাঘবে ঘোড়শাল ইউনিয়নের চেয়ারম্যান, উপজেলা সমাজসেবা অফিসার ও সদর উপজেলা নির্বাহী অফিসার এর একান্ত প্রচেষ্টায় প্রধাণ মন্ত্রীর উপহার পেয়েছি। তাই আমি আজ থেকে আর কোন দিন ভিক্ষা বৃত্তি করবো না বলে অঙ্গিকার করছি।

কোটচাঁদপুরে পূজা মন্ডপে নগদ অর্থ ও বস্তু বিতরণে এমপি চঞ্চল

ঝিনাইদহে কোটচাঁদপুরে সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড়ো উৎসব শারদীয় দুর্গাপূজা উপলক্ষে উপজেলার ৪৫ টি পূজা মন্ডপে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার উপহার নগদ অর্থ ও ব্যক্তিগত তহবিল থেকে বস্তু বিতরণ করেছেন ঝিনাইদহ-৩ আসনের সাংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল।

আজ রবিবার (২২ অক্টোবর) সকাল থেকে রাত পর্যন্ত পূজা মণ্ডপ পরিদর্শন করেন তিনি।পূজামণ্ডপ পরিদর্শনকালে তিনি সনাতন ধর্মাবলম্বীদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন এবং সার্বিক বিষয়ে খোঁজ-খবর নেন। এ সময় তিনি বঙ্গবন্ধু কন্যার পক্ষ থেকে প্রতিটি মন্দিরে আর্থিক সহায়তা ও ব্যক্তিগত তহবিল থেকে বস্তু বিতরণ করেন।

সে সময় উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নূরুল ইসলাম খান বাবলু, সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, সহ-সভাপতি লুৎফর রহমান, সাবেক উপজেলা যুবলীগের সভাপতি মীর কাশেম, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান খান, সাবেক কুশান ইউনিয়ন পরিষদের আব্দুল হান্নান, ইউপি সদস্য এনামুল হক, সেচ্ছাসেবক লীগ নেতা লিমন,ছাত্র লীগ নেতা, রাব্বি হাসান, প্রদীপ কুমার হালদার, ওবায়দুল হক, আল-আমীন, নয়ন,মানিক প্রমুখ।

এ সময় উপজেলা আওয়ামী লীগের সকল অঙ্গ সংগঠনের নেতা-কর্মী ও স্ব

স্ব পূজা মন্ডপের সভাপতি সম্পাদক সহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে জাতীয় নিরাপদ সড়ক দিবস পালিত

“আইন মেনে সড়কে চলি, স্মার্ট বাংলাদেশ গড়ে তুলি” এই প্রতিপাদ্য সামনে রেখে ঝিনাইদহে জাতীয় নিরাপদ সড়ক দিবস পালিত হয়েছে।

আজ রোববার সকালে বাংলাদেশ সড়ক পরিবহন (বিআরটিএ’র) আয়োজনে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়।

পরে বিআরটিএ মিলনাতায়নে আলোচনা সভায় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সালমা সেলিম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক এস. এম রফিকুল ইসলাম।

এ সময় উপস্থিত ছিলেন স্থানীয় সরকারের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আরিফুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) খালিদ হাসান, সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৈশলি আনোয়ার পারভেজ, জেলা তথ্য অফিসার আবু বকর সিদ্দিক, সদর উপজেলা নির্বাহী অফিসার সাদিয়া জেরিন, সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শারমিন আক্তার সুমী, বিআরটিএ সহকারী পরিচালক আতিয়ার রহমান, মোটরযান পরিদর্শক এস এম সবুজ, হাইওয়ে পুলিশের আরাপপুর থানার (ওসি) মিজানুর রহমান, ট্রাফিক ইন্সপেক্টর গোলাম মোর্শেদ সহ অন্যান্যরা।

বক্তরা, প্রশিক্ষিত ও দক্ষ চালক ছাড়া সড়কে গাড়ি না চালাতে পরামর্শ দেন। এমনকি সড়কে দুর্ঘটনা কমাতে চালকদের আইন মেনে গাড়ি চালাতে ও সচেতন হওয়ার আহবান জানান।

অপরদিকে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কের আরাপপুর ও ক্যাডেট কলেজের

সামনে জেলা পুলিশ সুপার আজিম-উল-আহসান, অতিরিক্ত পুলিশ সুপার এসএম. রাজু আহমেদ, বিআরটিএ, ট্রাফিক ও হাইওয়ে পুলিশের কর্মকর্তারা চালকদের সচেতন করতে লিফলেট বিতরণ করেন ও মিষ্টি খাওয়ান।